



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

ক্রেডিট ইনফরমেশন ব্যুরো

সিআইবি সার্কুলার লেটার নং : ০১

তারিখঃ ০৬ মে, ২০২৪  
২৩ বৈশাখ, ১৪৩১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানি

প্রিয় মহোদয়,

## Credit Information System (CIS) এ ঋণতথ্য প্রদানের সময়সীমা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সিআইবি সার্কুলার লেটার নং- ০১/২০২৩, তারিখঃ ১৪ ডিসেম্বর, ২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সিআইবি ডাটাবেইজে সংরক্ষিত ঋণতথ্যের মান অধিকতর নির্ভরযোগ্য করাসহ দ্রুততম সময়ে গ্রাহকের হালনাগাদ তথ্য সিআইবি রিপোর্টে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে নতুন উন্নয়নকৃত Credit Information System (CIS) এ আপনাদের প্রতিষ্ঠানের বিদ্যমান এবং নতুন মঞ্জুরী/বিতরণকৃত ঋণসমূহ নিম্নোক্তভাবে দাখিলের নির্দেশনা প্রদান করা হলোঃ

- ১) নতুন মঞ্জুরী/বিতরণকৃত ঋণ এবং সিআইবি ডাটাবেইজে দাখিলকৃত কোন ঋণের নবায়ন/বর্ধিতকরণ/পুনর্গঠন/পুনঃতফসিলীকরণ/সমন্বয় কিংবা অন্য কোন কারণে স্ট্যাটাসের পরিবর্তন হলে যে তারিখে ঋণ মঞ্জুরী/বিতরণ বা ঋণতথ্যের পরিবর্তন হবে সেই তারিখেই উক্ত তথ্য এন্ট্রি অথবা Bulk আকারে Real Time এ রিপোর্ট করতে হবে।
- ২) সিআইবি সার্কুলার লেটার নং- ০১/২০২৩, তারিখঃ ১৪ ডিসেম্বর, ২০২৩ এতদ্বারা রহিত করা হলো।
- ৩) Bangladesh Bank Order, 1972 (P.O No. 127 of 1972) এর article 44(1) এ প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।
- ৪) এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মুন্সী মোহাম্মদ ওয়াকিদ)  
পরিচালক (সিআইবি)  
ফোনঃ ৯৫৩০১৩৩